



প্রধান কার্যালয় পরিপত্র নং-৩৮৮

এমডিডি/ডিবিএস/পরিপত্র নং-১৪০

তারিখ : ২৭ জুন, ২০১২

জেনারেল ম্যানেজার/কনসালট্যান্ট/  
ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার  
সকল জিএম অফিস/লোকাল অফিস  
প্রধান কার্যালয়ের সকল বিভাগ  
স্টাফ কলেজ/সোনালী ইনভেস্টমেন্ট লিঃ/প্রিন্সিপাল অফিস  
কর্পোরেট শাখা/রিজিওনাল অফিস  
পরিদর্শন ও নিরীক্ষা দল/ট্রেনিং ইনস্টিটিউট  
সকল শাখা  
সোনালী ব্যাংক লিমিটেড  
বাংলাদেশ।

বিষয় :	“ডাবল বেনিফিট স্কিম (DBS)” এর মেয়াদ ৬ (ছয়) বছর থেকে ৬ (ছয়) বছর করণ প্রসঙ্গে।
---------	---

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে প্রধান কার্যালয়ের ইস্তেহার নং-৩৭ তারিখ ২৪ মার্চ, ২০০৯ এবং পরিপত্র নং-৩৫৫ তারিখ ০২ ফেব্রুয়ারী, ২০১২ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ব্যাংকের দীর্ঘমেয়াদী আমানত সংগ্রহ ও ব্যবসা বৃদ্ধির লক্ষ্যে ইতোপূর্বে প্রবর্তিত “ডাবল বেনিফিট স্কিম (DBS)” এর মুনাফার হার ও মেয়াদ নিম্নোক্তভাবে পরিবর্তন/সংশোধন করা হলো।

অত্র ব্যাংকের বর্তমানে চালুকৃত “ডাবল বেনিফিট স্কিম (DBS)” সংক্রান্ত প্রধান কার্যালয়ের ইস্তেহার নং-৩৭ তারিখ-২৪ মার্চ, ২০০৯ এর অন্যান্য বিষয় অপরিবর্তিত রেখে শুধুমাত্র মুনাফার হার ১২.২৫ শতাংশ (চক্রবৃদ্ধি) নির্ধারণ করে স্কিমের মেয়াদ ৬ বছর করা হলো। এর ফলে মূল টাকা উক্ত সময়ের মধ্যে দ্বিগুন হবে, যা পরিপত্র জারীর তারিখ থেকে কার্যকর হবে।

উদাহরণ স্বরূপ ১২.২৫ শতাংশ (চক্রবৃদ্ধি) মুনাফা হারে ৫০.০০ (পঞ্চাশ) হাজার টাকা ৬ (ছয়) বছরে দ্বিগুন হবে যার হিসাবায়ন নিম্নরূপ :

মেয়াদ	মুনাফার হার	মুনাফা	মুনাফাসহ আসল
৬ মাস পূর্তিতে	৪% সরল মুনাফা	১,০০০/-	৫১,০০০/-
১ বছর পূর্তিতে	৫% সরল মুনাফা	২,৫০০/-	৫২,৫০০/-
২ বছর পূর্তিতে	৬% সরল মুনাফা	৬,০০০/-	৫৬,০০০/-
৩ বছর পূর্তিতে	৭% সরল মুনাফা	১০,৫০০/-	৬০,৫০০/-
৪ বছর পূর্তিতে	৭% চক্রবৃদ্ধি মুনাফা	১৫,৫৩৯/-	৬৫,৫৩৯/-
৫ বছর পূর্তিতে	৭.৫% চক্রবৃদ্ধি মুনাফা	২১,৭৮১/-	৭১,৭৮১/-
৬ বছর পূর্তিতে	১২.২৫% চক্রবৃদ্ধি মুনাফা	৫০,০০০/-	১,০০,০০০/-

তবে শর্ত থাকবে যে, সরকারী নিয়মানুসারে আয়কর, উৎসে কর এবং আবগারী শুল্ক আমানতকারীর হিসাব হতে (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

উল্লেখ্য যে, মেয়াদ উত্তীর্ণের পূর্বে ডিবিএস হিসাব ভাঙ্গলে উপরোল্লিখিত হিসাবায়ন ছকে প্রদত্ত মুনাফার হার প্রযোজ্য হবে। তবে শর্ত থাকে যে, প্রদেয় মুনাফা মাসিক ভিত্তিতে প্রতিশন হিসাবে সংরক্ষন করতে হবে যাহা শুধুমাত্র মেয়াদ পূর্তিতে/মেয়াদ পূর্তির পূর্বে ভাঙ্গানো হলে প্রতিশন হিসাব ডেবিট করে সংশ্লিষ্ট হিসাবে বিধি মোতাবেক প্রদান করতে হবে।

হিসাব খোলার নিয়মাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিষ্ঠানের নামেও এ হিসাব খোলা যাবে।

মূল সার্কুলার নং-৩৭ তারিখ ২৪ মার্চ, ২০০৯ এর অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে। উপরোক্ত নির্দেশনা শুধুমাত্র অত্র পরিপত্র জারীর তারিখ থেকে কার্যকর হবে। পূর্বে খোলা হিসাবসমূহের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না।

বিষয়টি সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(মোঃ ছায়েদুর রহমান)  
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

স্বাঃ/-

(মোঃ আবদুল কাদির খান)  
ডেপুটি জেনারেল ম্যানেজার